

ইবরাহীম আঃর সখ

ইবরাহীম খালীলুল্লাহ। আল্লাহর বন্ধু ইবরাহীম। আলাইহি আস-সালাম। একদা ইবরাহীম আঃর মনে সখ জাগল। তিনি বললেন: হে রাক্ব! আমি দেখতে চাই তুমি মৃতকে কি ভাবে জীবিত কর।

আল্লাহ বললেন: তুমি কি বিশ্বাস করনা?

ইবরাহীম বললেন: অবশ্যই। তবে এ আমার মনের সখ।

আল্লাহ বললেন: চারটি পাখি এনে তোমার প্রতি আকৃষ্ট কর, যেন তুমি ডাকলে ছোট্ট আসে।

ইবরাহীম আঃ খুব খুশী হলেন। তিনি একটি মোরগ, একটি ময়ূর, একটি কবুতর ও একটি কাক নিলেন। চারটি পাখিকে লালন-পালন করে নিজের দিকে এমন ভাবে আকৃষ্ট করলেন যে তিনি ডাক দিলেই ছোট্ট আসে।

আল্লাহ বললেন পাখি চারটিকে জবেহ করে মিশ্রিত কর। তারপর চার পাহাড়ে রেখে মধ্যস্থান থেকে ডাক দাও। ইবরাহীম আঃ পাখি চারটিকে জবেহ করে রক্ত মিশ্রিত করলেন, পালক একত্র করলেন এবং গুস্ত কুচি কুচি করে মিশ্রিত করলেন। তারপর মিশ্রিত রক্ত, পালক ও গুস্তকে চার ভাগ করে চার পাহাড়ে রাখলেন। মাথা চারটি নিজের হাতে রেখে মধ্যস্থান থেকে ডাক দিলেন।

ইবরাহীম আঃ আশ্চর্য হয়ে দেখলেন: মিশ্রিত রক্ত, পালক ও গুস্ত আলাদা হয়ে পুনরায় একত্রিত হল এবং মোরগ, ময়ূর, কবুতর ও কাক হয়ে গেল। পাখিগুলো ইবরাহীম আঃর কাছে এসে মাথার জন্য গলা বাড়িয়ে দিল।

ইবরাহীম আঃ একটিকে অন্যটির মাথা যাচনা করলেন। এক এক করে সবাই গলা সরিয়ে নিল। একটি পাখিও অন্য মাথা গ্রহন করলনা। পরে সঠিক মাথা দিতেই গলার সাথে জোড়া লেগে পূর্ণ পাখি হয়ে গেল।

আল্লাহর মহিমা দেখে ইবরাহীম আঃ বিমোহিত হলেন। বললেন: হে রাক্ব! নিশ্চয় তুমি মহান, মহিয়ান। আমি তোমার কাছে চির কৃতজ্ঞ।